# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
## বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

**আসন্ন ঈদুল আযহা ২০২৬ উপলক্ষ্যে স্বল্প সময়ের মধ্যে কোরবানীর বর্জ্য অপসারণের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মো: শফিকুল ইসলাম খান**<br>প্রশাসক<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ৩০/০৪/২০২৬ খ্রি. |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থান | : | গুলশান সেন্টার পয়েন্ট (প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, লেভেল-৬) সভাকক্ষ। |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য।** |

সভার সভাপতি ও প্রশাসক, ডিএনসিসি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি আসন্ন ঈদুল আযহা ২০২৬ উপলক্ষ্যে বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ ও অন্যান্য বিভাগের প্রস্তুতি উপস্থাপনের জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাকে অনুরোধ করেন। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কমডোর মোহাম্মদ হুমায়ুন কবীর বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের প্রস্তুতি ও পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য বিভাগের প্রধানগণ তাদের প্রস্তুতি সম্পর্কে অবহিত করেন। সভাপতি বলেন, প্রতি বছরের ন্যায় এবারও সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তা কর্মচারীগণ রাস্তায় থেকে জনগণকে সেবা প্রদান করবে। নির্ধারিত সময়ের মধ্যে যেন সকল বর্জ্য অপসারণ হয় তার জন্য সকলে একত্রে কাজ করতে হবে। এক্ষেত্রে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অঞ্চল ভিত্তিক টীম করে দেয়া হবে। এছাড়াও তিনি এ কাজে ডিএনসিসি'র নিজস্ব লোকবলের পাশাপাশি বিভিন্ন এলাকার স্বেচ্ছাসেবকদের সম্পৃক্ত করার কথা বলেন। সভাপতি বলেন, "জলাবদ্ধতা নিরসন সবার কাজ" ড্রেনের পানি অপসারণ দ্রুত না হলে কোরবানির রক্ত থেকে দুর্গন্ধ সৃষ্টি হবে।

২। সভায় বিস্তারিত আলোচনায় নিম্নরূপ কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**ঈদুল আযহা'২০২৬ উপলক্ষ্যে-**

| ক্রম | কার্যক্রমসমুহ | দায়িত্ব প্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| ০১ | প্রতিটি অঞ্চল ভিত্তিক মাংস প্রস্তুতকারী নির্বাচন করে তাদের প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করা। | স্বাস্থ্য বিভাগ |
| ০২ | জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশাসকের বানী সম্বলিত লিফলেট ও মাইকিং এর মাধ্যমে প্রচারণা চালানো। আগামী ২৫মে'২৬ তারিখ থেকে সিটি কর্পোরেশনের ডিজিটাল বিলবোর্ডে কোরবানির বর্জ্য অপসারণ সংক্রান্ত বিজ্ঞাপন প্রচার করা। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও জনসংযোগ কর্মকর্তা |
| ০৩ | মসজিদের ইমামগণ জুমআর খুতবায় বর্জ্য অপসারণে করণীয় বিষয়ে আলোচনা নিশ্চিত করা। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |
| ০৬ | ১৮/০৫/২০২৬ থেকে ২০/০৫/২০২৬ তারিখ এর মধ্যে পলিব্যাগ/ব্লিচিং পাউডার ও অন্যান্য মালামাল ভান্ডার ও ক্রয় বিভাগ থেকে অঞ্চলে বিতরণ করা। | ভান্ডার রক্ষক কর্মকর্তা |

| ক্রম | কার্যক্রমসমুহ | দায়িত্ব প্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| ০৭ | ১০ টি অঞ্চলের জন্য ১০ টি তদারকি টীম গঠন করা। মালামাল যথাযথ ভাবে বিতরণ ও বর্জ্য সঠিকভাবে অপসারনের বিষয়ে কমিটি তদারকি করবে। অঞ্চল অনুযায়ী কন্ট্রোল রুম খুলতে হবে। কমিটি নিজেদের মধ্যে সভা করে সামগ্রিক কর্মপরিকল্পনা ঠিক করবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |
| ০৮ | ঈদের পূর্বে ডিএনসিসি এর বর্জ্যবাহী গাড়ী পরিষ্কার পরিচ্ছন্ন ও রং করার বিষয়ে নিশ্চিত করাএবং অর্পিত ক্রয়কার্য পদ্ধতিতে প্রাপ্ত সংস্থাকে গাড়ীগুলো রং ও পরিস্কার করার বিষয়ে অবগত করণ। | মহা ব্যবস্থাপক (পরিবহন) |
| ০৯ | জলাবদ্ধতা নিরসন এ জরুরী সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রাধিকার প্রাপ্ত সকল কর্মকর্তা ওয়াকিটকি সার্বক্ষণিক ব্যবহারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।ঈদ উল আযহায় ওয়াকিটকি এর মাধ্যমে যোগাযোগ রক্ষায় গুরুত্ব আরোপ করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ১০ | ডিএনসিসি'র এর নিজস্ব কর্মীর পাশাপাশি প্রতিটি এলাকায় স্বেচ্ছাসেবীদের এই কাজে সম্পৃক্ত করার সিদ্ধান্ত হয়। স্বেচ্ছাসেবকদের জন্য টি-শার্ট দেয়ার সিদ্ধান্ত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা |
| ১১ | প্রশাসক,ডিএনসিসি কর্তৃক কুরবানির বর্জ্য অপসারণ কার্যক্রম উদ্বোধন ও সমাপ্তির স্থান পরবর্তীতে জানানোর সিদ্ধান্ত হয়। জনসংযোগ কর্মকর্তা সময়ে সময়ে বর্জ্য অপসারণ সংক্রান্ত তথ্য টিভি স্ক্রলে প্রদানের বিষয়ে নিশ্চিত করবেন। | জনসংযোগ কর্মকর্তা |
| ১২ | ঈদ উল আযহার সামগ্রীক প্রস্তুতির বিষয়ে আগামী ২১/০৫/২০২৬তারিখে প্রশাসক এর উপস্থিতিতে চূড়ান্ত সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১৩ | ইজারাকৃত পশুর হাটসমূহে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিত করার বিষয়ে সংশ্লিষ্ট ইজারাদার ও সংশ্লিষ্ট সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাগণ একত্রে বসে পরিকল্পনা ও বাস্তবায়ন নিশ্চিতকরণে সিদ্ধান্ত হয়। | প্রধান সম্পত্তি কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১৪ | কোরবানির বর্জ্য দ্রুত অপসারণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রাক, পে-লোডার,ডাম্পার, পানির গাড়ীসহ অন্যান্য যন্ত্রপাতি নির্দিষ্ট সময়ে পরিকল্পনা অনুসারে উপস্থিতি নিশ্চিত করনের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | নির্বাহী প্রকৌশলী (সিএন্ডটি) বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ১৫ | ল্যান্ডফিলে দ্রুতসময়ে বর্জ্য ব্যবস্থায়ন নিশ্চিতকরণে ল্যান্ডফিল ঈদের অন্তত ০৫(পাঁচ)দিন পূর্বে প্রস্তুত করার সিদ্ধান্ত হয়। | নির্বাহী প্রকৌশলী (ডিসপোজাল) বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ১৬ | বর্জ্য অপসারণ সংক্রান্ত প্রশাসকের voice ম্যাসেজ নগরবাসীদের মোবাইলে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত হয় | সিস্টেম এ্যানালিষ্ট ও জনসংযোগ কর্মকর্তা |
| ১৭ | ঈদের আগে ড্রেনেজের QRT টীম এর উপস্থিতি নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (ড্রেনেজ সার্কেল) |

| ক্রম | কার্যক্রমসমূহ | দায়িত্ব প্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| ১৮ | বৃষ্টি বা বিরূপ আবহাওয়ার সৃষ্টি হলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা রাখতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১৯ | ঈদ উল আযহায় বর্জ্য বহনকারী গাড়ীসমূহ নির্বিঘ্নে চলাচলের লক্ষ্যে সড়কসমূহে চলমান মেরামত/উন্নয়ণ কর্মকান্ডে উচ্ছিষ্ট ও জমাকৃত মাটি ও রাবিশ দ্রুত অপসানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী |

৩। সভাপতি দ্রুততম সময়ের মধ্যে কোরবানির বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য সকলের একান্ত সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ শফিকুল ইসলাম খান
প্রশাসক
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১০.০০০০.০৪৫.০৬.২৬৮.২৬- ৩৬০

তারিখঃ ৭/৫/২০২৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব/বিভাগীয় প্রধান (সকল),............................................. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক), প্রকৌশল বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. নির্বাহী প্রকৌশলী, (ডিসপোজল/ সংগ্রহ ও পরিবহন),ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. উপ- প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (সকল)।
১৩. অফিস কপি।

০৭/৫/২৬

কমডোর মোহাম্মদ হুমায়ুন কবীর
প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।